



স্মারক নং-৪২.০১.০০০০.০০০.২৯৮.১৬.০০০২.২৩-২০৯

তারিখ : ২৭/০১/২০২৬খ্রিঃ

" দপ্তরাদেশ "

পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১) (ঘ) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্সট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়ের দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১১৬, তারিখঃ ২৯/০৯/২০২৫ খ্রিঃ এর আলোকে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের আওতায় বর্তমানে আহবানকৃত সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত দরপত্র সমূহ নং- 1216610 ও 1216314 সামাজিক ক্রম (Social Procurement) ক্যাটাগরি হিসেবে সংরক্ষিত ক্রম কার্যের জন্য আহবান করা হয়েছে।

অত্র দপ্তরের সীমিত দরপত্র পদ্ধতির অধীনে (LTM) তালিকাভুক্তি (Goods) সকল ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবগত করা যাচ্ছে যে, উক্ত দরপত্র সমূহ আহবান শুধুমাত্র নিম্নবর্ণিত তিনটি শ্রেণির ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্যঃ-

১. অতি ক্ষুদ্র ও ক্ষুদ্র প্রতিষ্ঠান (Micro and small enterprise): দরপত্র আহবানের তারিখ হতে পূর্বকার ৩ (তিন) বছরে যেই সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিধিমালায় অধীনে ক্রয়ের ধরন নির্বিশেষে সমষ্টিগতভাবে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা মূল্যের ক্রয় চুক্তিতে আবদ্ধ হওয়ার সুযোগ পেয়েছেন।

২. নারী-মালিকানাধীন প্রতিষ্ঠান (Women-owned enterprise): যেই সকল একক মালিকানাধীন প্রতিষ্ঠানের মালিক একজন নারী।

৩. নতুন প্রতিষ্ঠান (New enterprise): দরপত্র আহবানের তারিখ হতে পূর্বকার ২ (দুই) বছরে যেই সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের প্রথম ব্যবসা নিবন্ধন লাভ করেছেন।

উক্ত ০৩ (তিন) শ্রেণির বাইরে থাকা কোনো ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করলে, মূল্যায়নের যেকোনো পর্যায়ে তাদের দরপত্র অগ্রহণযোগ্য (Disqualified) বলে গণ্য হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানকে তাদের যোগ্যতার প্রমাণপত্র ও প্রত্যয়নপত্র যথাযথভাবে দরপত্র দলিলের e-GP System-এর Tender Document Section অংশে আবশ্যিকভাবে সংযুক্ত (Upload) করতে হবে।

দরপত্র দালিলের শর্তানুযায়ী দরদাতা দরপত্র আহবানের তারিখ হতে পূর্বকার ৩ (তিন) বছরের মধ্যে সম্পাদিত ক্রয়চুক্তি সম্পর্কিত তথ্যাদি গোপন করলে অথবা ভুল তথ্য প্রদান করলে, দরপত্র দালিলের শর্ত মোতাবেক সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অযোগ্য ঘোষণা (Non-responsible) করা হবে ও Tender Security বাজেয়াপ্ত করা হবে এবং পিপিআর-২০২৫ এর বিধি ১৪৯ অনুযায়ী উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ক্রয়কারী সংস্থায় ক্রয়কার্যে অংশগ্রহণে সাময়িক নিষেধাজ্ঞা (Suspension) আরোপ করা হবে অথবা বারিত (Debar) করা হবে। এ বিষয়ে অধিকতর তথ্যের জন্য, অত্র দপ্তরের সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), জনাব আবদুল হালিম শাহরিয়ার, মোবাইল নং-০১৭০৪২৮২০৫৯ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২৭/০১/২০২৬
(মোঃ শাহীন মিয়া)

পরিচিতি নং-৬৯০১০৩০০১
নির্বাহী প্রকৌশলী(অঃদাঃ)
ড্রেজার স্টোর বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

তারিখ : ২৭/০১/২০২৬খ্রিঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০০০.২৯৮.১৬.০০০২.২৩-২০৯

অনুলিপি সদয় অবগতি/অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্সট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (সাকুলারিট বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ০৬। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ০৭। উপ-সহকারী প্রকৌশলী/প্রাকল্পনিক, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ০৮। দপ্তর নথি।

নির্বাহী প্রকৌশলী
ড্রেজার স্টোর বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।